

ক্র. নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ জুলাই/১৯ খ্রি. মাসের পরিবার পরিকল্পনা বিভাগের সকল কার্যক্রমের অগ্রগতি সভায় উপস্থাপন করেন এবং তার উপর বিষদ আলোচনা হয়।	জাতীয় পর্যায়ে নির্ধারিত লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের স্বার্থে প্রয়োজনীয় কর্ম পরিকল্পনা গ্রহণ করে সে আলোকে কাজ করতে হবে।	উপজেলা পঃ পঃ কর্মকর্তা, MO-MCH(FP), ক্লিনিক, সহকারী উপজেলা পঃ পঃ কর্মকর্তা ও মাঠকর্মচারী সকল। (ক্লিনিক, নন-ক্লিনিক)
০২	মাঠ পর্যায়ে ই-রেজিস্ট্রেশন কার্যক্রম চলমান আছে এবং রেজিস্ট্রেশন কাজের সুবিধার্থে সরকার কর্তৃক প্রত্যেক মাঠকর্মীকে একটি করে ট্যাব প্রদান করা হয়েছে। তাদেরকে রেজিস্ট্রেশন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। বিষয়টি উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় উপস্থাপন করেন এবং ইহার উপর বিস্তারিত আলোচনা করা হয়।	ই-রেজিস্ট্রেশন কার্যক্রম প্রত্যেক মাঠকর্মচারীকে স্ব স্ব কর্ম এলাকায় উপস্থিত থেকে নির্ভুলভাবে সম্পন্ন করতে হবে। সেপ্টেম্বর/১৯ মাসের মধ্যে ২৫% রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে।	উপজেলা পঃ পঃ কর্মকর্তা, MO-MCH(FP) ও সহকারী উপজেলা পঃ পঃ কর্মকর্তার তত্ত্বাবধানে।
০৩	সুনামগঞ্জ সদর উপজেলায় সকল ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে ২৪/৭ সার্বক্ষণিক ডেলিভারী সেবা কার্যক্রম চালু আছে এবং এর অগ্রগতির উপর বিষদ আলোচনা।	ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের কর্মরত পরিবার কল্যাণ পরিদর্শিকাগণকে কেন্দ্রে অবস্থান করে আন্তরিকভাবে প্রসব সেবা প্রদান করতে হবে।	উপজেলা পঃ পঃ কর্মকর্তা, MO-MCH(FP), সহকারী উপজেলা পঃ পঃ কর্মকর্তা, এসএসিএমও ও সংশ্লিষ্ট ইউনিয়নের পঃ কঃ পরিদর্শিকা।
০৪	গৌরারং ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে কৈশোর বান্ধব স্বাস্থ্যসেবা প্রদানের জন্য Adolescent Corner চালু রয়েছে এবং এর অগ্রগতি ব্যাপারে বিস্তারিত আলোচনা হয়।	কিশোর-কিশোরী যাতে নির্বিঘ্নে সেবা নিতে পারে এর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	উপজেলা পঃ পঃ কর্মকর্তা, MO-MCH(FP), সহকারী উপজেলা পঃ পঃ কর্মকর্তা ও সংশ্লিষ্ট ইউনিয়নের পঃ কঃ পরিদর্শিকা।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
(মোঃ খায়রুল হুদা) ২৮/৬/১৯

চেয়ারম্যান, উপজেলা পরিষদ  
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।

ও

সভাপতি  
উপজেলা পরিবার পরিকল্পনা কমিটি  
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।